

উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ


সভাপতি : মোঃ মিজানুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।  
স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
তারিখ : ০১/০৫/২০২২ ইং।

সভায় উপস্থিত বৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি অধ্যকার সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী সভাপতি মহোদয়সহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বিগত সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। অধ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	যোগাযোগ	উপজেলা প্রকৌশলী উপস্থিত সকল সদস্যদের অত্র কলমাকান্দা উপজেলার যোগাযোগ ব্যবস্থার বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে ইউপি চেয়ারম্যান, নাজিরপুর, কলমাকান্দা জানান উপজেলা সড়ক বন্যায় ক্ষতিগ্রস্ত হয়ে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। যাথা দ্রুত মেরামতের জন্য গুরত্বারোপ করেন। চেয়ারম্যান বড়খাপন ইউনিয়ন পরিষদ সভাকে জানান এলজিইডির আওতায় বিভিন্ন চলমান কাজ রয়েছে। উক্ত চলমান কাজ সমূহের গুণগত মান নিশ্চিত করার জন্য সভাকে অবহিত করেন।	বিস্তারিত আলোচনান্তে পরবর্তী সভায় উপজেলা প্রকৌশলীর দপ্তরে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়ের নিকট হইতে তালিকা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উপজেলা প্রকৌশলী মহোদয়কে কলমাকান্দা জিসি-খারনৈ ইউপি অফিস সড়কের ব্যাপারে উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানোর জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়।
০২	ভৌত অবকাঠামো	উপজেলা প্রকৌশলী উপস্থিত সকল সদস্যদের অত্র কলমাকান্দা উপজেলার ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সংরক্ষিত সদস্য কলমাকান্দা সভায় জানান যে, উপজেলার অনেক প্রাঃ বিদ্যালয়ের কাজ চলিতেছে কাজ গুলির গুণগত মান ভাল করার উপর গুরত্ব আরোপ করেন। এছাড়া চেয়ারম্যান বড়খাপন ইউনিয়ন পরিষদ, কলমাকান্দা বলেন বন্যায় এলাকার বিভিন্ন রাস্তায় ব্রীজ/কালভার্টে এ্যাপ্রোচে খারাপ থাকায় জনগনসহ যানবাহন চলাচলে বিঘ্নের সৃষ্টি হইতেছে।	বিস্তারিত আলোচনান্তে পরবর্তী সভায় উপজেলার সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়ের নিকট হইতে স্কুল ও এ্যাপ্রোচবিহীন ব্রীজ/কালভার্টেও তালিকা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
মোঃ মিজানুর রহমান  
ভাইস চেয়ারম্যান  
ও

সভাপিত, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি  
উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা

তারিখ : ০১/০৫/২২ ইং।

স্মারক নং-৪৬.০২.৭২৪০.০০০.০২.০০৮.২০-২১১  
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :-

- ১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।
- ৫। উপজেলা প্রকৌশলী,..... নেত্রকোণা।
- ৬। উপজেলা ..... অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

  
উপজেলা প্রকৌশলী  
কলমাকান্দা, নেত্রকোণা।